রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৫ সনের ৩৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৭, ২০১৫

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৮৭—৬০৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৩৯—১৪৮২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৬৯—১৩১৪ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### অর্থ মন্ত্রণালয়

### ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

### চুক্তি ও পুঁজি বিনিয়োগ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ জুন ২০১৫

**নং ৫৩.০০.০০০০.৪১২.১৪.০১০.১৫-৭৭**—সৌদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো) এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩, ৪৪ ও ৪৫ অনুচ্ছেদের বিধান অনুযায়ী জনাব সাজ্জাদুল হাসান, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ (অতিরিক্ত সচিব)-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত উক্ত কোম্পানীর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহজাহান**
সহকারী সচিব।

### অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
### প্রশাসন-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ আষাঢ় ১৪২২/২২ জুন ২০১৫

**নং ০৯.৩১১.০১৯.১২.০০.০০২.২০১৩-৫২৮**—অর্থ বিভাগের ২ ডিসেম্বর ২০০৯ তারিখের এসআরও ২৫৫-আইন/২০০৯/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০০৯/২৩২ নম্বর আদেশের জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৯(ক) অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ৬ষ্ঠ গ্রেডের বেতন স্কেলে (বেতন স্কেল টাকা ১৮৫০০-৮০০×১৮-২৯৭০০) কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাকে ১ (এক) টি অগ্রিম বর্ধিত বেতন প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবি |
|---|---|---|
| (১) | জনাব মোঃ সাব্বির বিশ্বাস | প্রোগ্রামার |

২। এ আদেশ ২২ জুন ২০১৫ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাছিম আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অধিশাখা-৩ (শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪২২/২৮ মে ২০১৫

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৬৭.১২.৩১৮**—বি.সি.এস (কাস্টম্‌স এন্ড এক্সাইজ) ক্যাডারের কর্মকর্তা জনাব গোলাম মোঃ মুনীর, সদস্য (চঃদাঃ), টেকনিক্যাল, কাস্টম্‌স, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ৭-১১-২০১৩ তারিখে প্রদত্ত ৪ বছর ১ মাস প্রেষণ ও অর্জিত ছুটি সম্পূর্ণ ভোগ না করে গত ৩০-৪-২০১৫ তারিখে কর্মস্থলে যোগদান করলে তাঁকে জাতীয় রাজস্ব বোর্ড হতে ৪-৫-২০১৫ তারিখে জারিকৃত ০৮.০১.০০০০.০১১.০৫.০০৫.১২(অংশ)/৪৬৫ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম এর মহাপরিচালক (চঃদাঃ) পদে বদলী/পদায়ন করা হয়। তিনি উক্ত আদেশ অমান্য করে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে কর্তব্যে চরম অবহেলা প্রদর্শনপূর্বক বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং সরকারের বিনা অনুমতিতে দেশ ত্যাগ করেছেন।

২। বি.সি.এস (কাস্টম্‌স এন্ড এক্সাইজ) ক্যাডারের কর্মকর্তা জনাব গোলাম মোঃ মুনীর, সদস্য (চঃদাঃ), টেকনিক্যাল, কাস্টম্‌স, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ও বিনা অনুমতিতে দেশ ত্যাগ করার প্রেক্ষিতে প্রশাসনিক কারণে সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১ এর বিধানমতে জনাব গোলাম মোঃ মুনীর, সদস্য (চঃদাঃ), টেকনিক্যাল-কে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হ'ল।

৩। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৩**

**আদেশ**

তারিখ, ১৪ জুন ২০১৫

**নং ৩৩৩/১(৭)-বিচার-৩/১ডি-২/২০১৪**—যেহেতু, চট্টগ্রামের সাবেক অতিরিক্ত জেলা জজ বর্তমানে মাদারীপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব প্রশান্ত কুমার বিশ্বাস এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২/২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব প্রশান্ত কুমার বিশ্বাস এর কারণ দর্শনোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে চট্টগ্রামের সাবেক অতিরিক্ত জেলা জজ বর্তমানে মাদারীপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব প্রশান্ত কুমার বিশ্বাস-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ২/২০১৪ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ, ২০ মে ২০১৫

**নং আর-৬/৭এন-০৯/২০১৫-২২৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে রাঙ্গামাটি জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব জুয়েল দেওয়ান, পিতা সুভাষ চন্দ্র দেওয়ানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্যসম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৭ মে ২০১৫

**নং বিচার-৭/২এন-০৫/২০০৫(অংশ)-২৯০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব আবু শরিফ, পিতা কাজী মাওলানা রফিক উল্ল্যা, মাতা সাহেদা খানম, গ্রাম পশ্চিম সৈয়দপুর, ডাকঘর রামানন্দী, উপজেলা সদর, জেলা লক্ষিপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লক্ষিপুর জেলার সদর উপজেলার সাবেক ১৬ নং বর্তমানে ১৫ নং লাহারকান্দি ইউনিয়নের পশ্চিম সৈয়দপুর, রামানন্দী, কুতুবপুর, খাজুরতলী, ইদিলপুর গ্রামসমূহের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪২২/৪ জুন ২০১৫

**নং ১৪.০০.০০০০.০১২.১৪.০১৫.১৫.১৬৩**—বিটিআরসি কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ" শীর্ষক প্রকল্পের আওতায় টার্ন-কি পদ্ধতিতে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট সিস্টেম' ক্রয়ের প্রস্তাব মূল্যায়নের জন্য নিম্নোক্তরূপে একটি 'প্রস্তাব মূল্যায়ন কমিটি' গঠন করা হলো।

(ক) **কমিটির গঠন** ঃ

**সভাপতি**

(১) জনাব এ টি এম মনিরুল আলম, কমিশনার (এস এম) বিটিআরসি।

**সদস্যবৃন্দ**

(২) জনাব হুসনুল মাহমুদ খান, যুগ্ম-সচিব/পরিচালক (তার), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

(৩) জনাব কাজী সোলায়মান, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন।

(৪) বিশেষজ্ঞ প্রতিনিধি

(৫) দি ইন্সটিটিউট অফ চার্টার্ড একাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (আইসিএবি) এর প্রতিনিধি।

(৬) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক্স বিভাগ) এর প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৭) জনাব মোঃ গোলাম রাজ্জাক, প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎপেক্ষণ প্রকল্প, বিটিআরসি।

(খ) **কমিটির কার্যপরিধি** ঃ

(১) টার্ন-কি পদ্ধতিতে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট সিস্টেম' ক্রয়ের জন্য দরদাতাদের নিকট থেকে প্রাপ্ত কারিগরী প্রস্তাব ও আর্থিক প্রস্তাবসমূহ পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণে মূল্যায়ন সম্পন্নকরণ;

(২) 'বঙ্গবন্ধু স্যাটেলাইট সিস্টেম' ক্রয়ের জন্য যোগ্য দরদাতা নির্বাচনপূর্বক চুক্তি সম্পাদনের সুপারিশ/ মতামতসহ মূল্যায়ন প্রতিবেদন দাখিলকরণ।

২। উক্ত 'প্রস্তাব মূল্যায়ন কমিটি'র সদস্যগণ বিধি মোতাবেক সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুরুন নাহার**
সহকারী প্রধান।

**তথ্য মন্ত্রণালয়**

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৮ জ্যৈষ্ঠ ১৪২২/১১ জুন ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৭.৩৭.০১১.১৫.৪১৪**—জনাব মোঃ হালিম, প্রযোজক, এম এ হালিম কথাচিত্র, আমজাদ প্লাজা, চ-৮৭/১-এ, উত্তর বাড্ডা, ঢাকা-১০০০ কর্তৃক প্রযোজিত **"কিছু আশা কিছু ভালোবাসা"** নামক চলচ্চিত্রটি সেন্সরে কর্তিত অংশসহ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিযোগিতায় জমা দিয়ে প্রযোজক চরম দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এ দৃষ্টান্ত থেকে ধরে নেয়া যায় যে, তিনি সাধারণ প্রদর্শনীর ক্ষেত্রেও সেন্সর কর্তন অনুসরণ করেননি। এ অপরাধের জন্য চলচ্চিত্রটির সেন্সর সনদপত্র (নম্বর-এল এফ-৩৯/২০১৩, তারিখঃ ২৭-৮-২০১৩) স্থায়ীভাবে বাতিল করা হলো।

২। **"কিছু আশা কিছু ভালোবাসা"** চলচ্চিত্রটি প্রদর্শিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৫.০০.০০০০.০২৭.৩৭.০১১.১৫.৪১৫**—জনাব মঈন বিশ্বাস, প্রযোজক, জ্যোতি ফিল্ম ইন্টারন্যাশনাল, ৬৬, কাকরাইল, ঢাকা-১০০০ কর্তৃক প্রযোজিত **"পাগল তোর জন্যরে"** নামক চলচ্চিত্রটি সেন্সরে কর্তিত অংশসহ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিযোগিতায় জমা দিয়ে প্রযোজক চরম দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এ দৃষ্টান্ত থেকে ধরে নেয়া যায় যে, তিনি সাধারণ প্রদর্শনীর ক্ষেত্রেও সেন্সর কর্তন অনুসরণ করেননি। এ অপরাধের জন্য চলচ্চিত্রটির সেন্সর সনদপত্র (নম্বর-এল এফ-৫৭/২০১২, তারিখঃ ২১-১১-২০১২) স্থায়ীভাবে বাতিল করা হলো।

২। **"পাগল তোর জন্যরে"** চলচ্চিত্রটি প্রদর্শিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল ইসলাম**
উপসচিব।

---

**পানি সম্পদ মন্ত্রণালয়**

**প্রশাসন-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ আষাঢ় ১৪২২/১৫ জুন ২০১৫

**নং ৪২.০৩১.০১১.০০.০০.০২৭.২০১৫-৪৯১**—সরকার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন ২০০০ (২০০০ সনের ২৬নং আইন) এর ৮(১) ধারাবলে নিম্নবর্ণিত সদস্যবৃন্দের সমন্বয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পরিচালনা পরিষদ পুনর্গঠন করিলেন ঃ

**চেয়ারম্যান**

(ক) মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(খ) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।

(গ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(ঘ) সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(ঙ) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(চ) সরকার কর্তৃক মনোনীত একজন পানি সম্পদ প্রকৌশলী বা বিজ্ঞানী:

ড. আইনুন নিশাত, বাসা নং-৫/৭, গজনবী রোড, মোহাম্মদপুর, ঢাকা।

(ছ) সরকার কর্তৃক মনোনীত একজন পানি সম্পদ বিশেষজ্ঞ:

ড. উম্মে কুলসুম নাভেরা, অধ্যাপক পানি সম্পদ প্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(জ) সরকার কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি:

ড. শফিউল্লাহ, সাবেক উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(ঝ) সরকার কর্তৃক মনোনীত বাংলাদেশ ইনস্টিটিউট অব চার্টার্ড একাউনটেন্ট-এর একজন প্রতিনিধি:

জনাব জামিল উদ্দিন আহমেদ, এফসিএ, এফসিএমএ, জে,ইউ আহমেদ এন্ড কোং চার্টার্ড একাউনটেন্ট, বাসা নং-১৭০, ২য় তলা, লেইন-৩, নতুন ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

(ঞ) বোর্ড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের সুবিধাভোগীদের মধ্য হতে সরকার কর্তৃক মনোনীত দু'জন প্রতিনিধি:

(১) জনাব মোঃ মহসীন, সাবেক সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।

(২) জনাব ড. মোঃ আতাউর রহমান, পানি সম্পদ বিভাগ, বিভাগীয় প্রধান, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(ট) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

(ঠ) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

২। **পরিষদের ক্ষমতা ও দায়িত্বঃ** (১) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন ২০০০ এর ধারা-৭ এর অধীন ক্ষমতা ও দায়িত্বের সামগ্রিকতা ক্ষুন্ন না করিয়া, এই আইনের বিধানাবলী সাপেক্ষে পরিষদের নিম্নবর্ণিত ক্ষমতা ও দায়িত্ব থাকিবে, যথা ঃ—

(ক) জাতীয় পানি নীতি ও অন্যান্য দিক নির্দেশক সরকারী দলিলাদির সহিত সংগতি রাখিয়া বোর্ডের জন্য কৌশলগত দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ এবং উহা বাস্তবায়নের পদ্ধতি নির্ধারণ;

(খ) বোর্ডের জন্য দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ এবং উহাদের অর্জনের জন্য নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন, যথা ঃ—

(অ) প্রাতিষ্ঠানিক নীতি, যাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে কার্যনির্বাহ পদ্ধতি, কর্মচারীদের চাকুরীবিধি এবং প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ অন্তর্ভুক্ত থাকিবে;

(আ) মানব সম্পদ উন্নয়ন নীতি, যাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে কর্মী উন্নয়ন, কর্ম-জীবন পরিকল্পনা ও প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকিবে;

(ই) কর্মচারী ব্যবস্থাপনা নীতি, যাহা কর্মচারীদের পেশাগত দক্ষতা ও প্রেরণার জন্য সহায়ক পরিবেশের সৃষ্টি করিবে;

(গ) বোর্ডের আর্থিক বাজেট ও সম্পূরক বাজেট অনুমোদন;

(ঘ) সরকার কর্তৃক নির্ধারিত আর্থিক সীমার মধ্যে সমস্ত ক্রয় ও সংগ্রহ প্রস্তাব অনুমোদন;

(ঙ) পরিষদ কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত মহাপরিচালকের আর্থিক ক্ষমতার উর্ধ্বের সকল অতিরিক্ত কাজের দাবী বিবেচনা ও অনুমোদন;

(চ) বোর্ডের সম্পত্তি বা প্রকল্পের বিক্রয়, অবসায়ন, ইজারা প্রদান, ব্যবস্থাপনা চুক্তি সম্পাদন ইত্যাদি বিষয়সমূহ বিবেচনা, ক্ষেত্রমত অনুমোদন ও সুপারিশকরণ;

(ছ) বোর্ডের পরিচালনা ও আর্থিক বিষয়ে ব্যবস্থাপনার জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে—

(অ) বোর্ডের প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা দক্ষতার সাথে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় বিধি ও প্রবিধান প্রণয়নের জন্য, যথাক্রমে সুপারিশ পেশকরণ ও ব্যবস্থা গ্রহণ;

(আ) মহাপরিচালক ও অন্যান্য কর্মকর্তাদের নিকট ক্ষমতা ও দায়িত্ব অর্পণ এবং ব্যবস্থা এবং ব্যবস্থাপনার যথোপযুক্ত মান নির্ধারণ;

(ই) মহাপরিচালক কর্তৃক পেশকৃত ভৌত ও আর্থিক অগ্রগতির বিভিন্ন প্রতিবেদন পর্যালোচনা এবং অসন্তোষজনক কর্মসম্পাদনের জন্য দায়িত্ব নির্ধারণ ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ;

(ঈ) বোর্ডের বার্ষিক প্রতিবেদন ও অডিট প্রতিবেদন অনুমোদন;

(উ) সরকারের বিভিন্ন সংস্থা কর্তৃক পরিচালিত পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা ও তৎসম্পর্কে মহাপরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান;

(জ) সরকারের বিচেনার জন্য বোর্ডের অনুমোদিত সাংগঠনিক কাঠামো পরিবর্তনের সুপারিশ পেশকরণ, যাহাতে বোর্ডের আওতাভুক্ত কোন ইউনিট বেসরকারিকরণ কিংবা কোন ইউনিটের কাজ বোর্ডের জনবল দ্বারা নিষ্পন্ন না করিয়া বাজার হইতে আহরণ করিবার প্রস্তাবও থাকিতে পারে।

(২) পরিষদ—

(ক) বোর্ড জাতীয় পানি নীতিতে বিধৃত নীতিমালা ও দিকনির্দেশনা অনুযায়ী যেন পরিচালিত হয় তাহা নিশ্চিত করিবে; এবং

(খ) বোর্ডের জন্য স্বচ্ছ, দক্ষ ও আর্থিকভাবে সবল একটি ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করিবে।

৩। **পরিষদের সভা**—(১) ধারা ১০-এর অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, পরিষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) পরিষদের সভা-চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রতি দুই মাসে পরিষদের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) পরিষদের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণের দ্বারা নির্বাচিত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) সভার কোরামের জন্য অন্যূন ছয়জন সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে।

৪। অনুচ্ছেদ-১ এর ক্রমিক নং-৬ হইতে ১০ এর সদস্যগণ এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে দুই বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবে। সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে যে কোন সময় তাঁহার পদ হইতে অপসারণ করিতে পারিবে এবং উক্তরূপ কোন সদস্য তাঁহার মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোন সময় সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৫। জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জাফর আহমেদ খান**
সচিব।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪২২/২ জুন ২০১৫

**নং এডি-পি১-০৩৮০**—যেহেতু, জনাব মাহবুব শহীদ শিশির, সহকারী সচিব (শিক্ষানবিশ), পররাষ্ট্র মন্ত্রণালয় ৩০তম বিসিএস-এর ফলাফলের ভিত্তিতে বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারে সরাসরি নিয়োগ লাভের জন্য সরকারি কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত হন এবং এর ধারাবাহিকতায় গত ৩ জুন ২০১২ তারিখ পূর্বাহ্নে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সহকারী সচিব (শিক্ষানবিশ) হিসেবে যোগদান করেন; এবং

যেহেতু, তাঁর নিয়োগ পত্রের ১(ঘ) শর্ত এবং বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা ১৯৮১ মোতাবেক গত ২ জুন ২০১৪ তারিখে ক্যাডারে তার চাকুরীর মেয়াদ ২(দুই) বছর পূর্ণ হলেও জনাব শিশিরের চাকুরী অদ্যাবধি স্থায়ীকরণ করা হয়নি; এবং

যেহেতু, শিক্ষানবিশ কর্মকর্তা জনাব মাহবুব শহীদ শিশির ফরেন সার্ভিস একাডেমীতে অনুষ্ঠিত ১৯তম বিশেষায়িত কূটনৈতিক প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে ডাচ সরকারের আমন্ত্রণে Institute for International Relations, Clingendael-এ একটি কূটনৈতিক প্রশিক্ষণে অংশগ্রহণ করার সময় গত ৭ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে দ্য হেগ-এর Media Market Electornic Shop থেকে Shoplifting-এর অভিযোগে ডাচ পুলিশ কর্তৃক হাতেনাতে ধৃত হয়ে দোষ স্বীকারোক্তি প্রদান করে অর্থ দণ্ডে দণ্ডিত হয়ে ইউরো ৩৫০ (তিনশত পঞ্চাশ) জরিমানা প্রদান করেন এবং জনাব মাহবুব শহীদ শিশির-এর এরূপ অপরাধ সংঘটনের বিষয়টি ডাচ সরকার কূটনৈতিক পত্র নং-DKP-2015/102 এর মাধ্যমে বাংলাদেশ সরকার-কে অবহিত করেন এবং বিভিন্ন গণমাধ্যমেও বিষয়টি নিয়ে নেতিবাচক সংবাদ প্রকাশিত হয়, যাতে পররাষ্ট্র মন্ত্রণালয় তথা রাষ্ট্রের ভাবমুর্তি ক্ষুন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়; এবং

যেহেতু, উপরে উল্লিখিত প্রেক্ষাপটে সরকার শিক্ষানবিশ কর্মকর্তা জনাব মাহবুব শহীদ শিশির-কে সরকারি চাকুরীতে বহাল রাখার অনুপযুক্ত বিবেচনা করে তাঁকে বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারের চাকুরী থেকে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

এক্ষণে, সেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা ১৯৮১ মোতাবেক শিক্ষানবিশির মেয়াদ চলাকালে চাকুরীতে বহাল থাকার অযোগ্য হিসেবে বিবেচিত হওয়ায় জনাব মাহবুব শহীদ শিশির-এর সরকারি চাকুরীতে অর্থাৎ বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারে নিয়োগ এতদ্বারা অবসান (Termination of appointment) করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

**মোঃ শহীদুল হক**
পররাষ্ট্র সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**পর্যটন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ মে ২০১৫

**নং ৩০.০১৬.০২৫.০০.০০.০০৪.২০১৫-১৬৬**—পর্যটন বর্ষ বা Visit Bangladesh Year-2016 উদযাপন উপলক্ষে নিম্নোক্ত-ভাবে জেলা পর্যায়ের (পার্বত্য তিন জেলা ব্যতীত) কমিটি গঠন করা হ'ল ঃ

**আহ্বায়ক**

জেলা পর্যায়ের কমিটি জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় ঃ

(১) জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

(২) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ

(৩) পুলিশ সুপার

(৪) সিভিল সার্জন

(৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)

(৬) পৌরসভার মেয়র (সকল)

(৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)

(৮) অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)

(৯) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(১০) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

(১১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(১২) প্রধান শিক্ষক, সরকারি উচ্চ বিদ্যালয় (বালক/বালিকা, সকল)।

(১৩) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ

(১৪) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ

(১৫) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ

(১৬) বিভাগীয় বন কর্মকর্তা/প্রতিনিধি বন অধিদপ্তর

(১৭) প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর

(১৮) সভাপতি, জেলা ফেডারেশন অব চেম্বার

(১৯) সেক্রেটারি, জেলা ক্রীড়া সংস্থা

(২০) প্রতিনিধি, জেলা শিল্পকলা একাডেমী

(২১) প্রতিনিধি, শুল্ক ও ভ্যাট কমিশনারেট (যুগ্ম কমিশনার পর্যায়ের)।

(২২) এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক মনোনীত দুইজন বেসরকারি প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(২৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে সমন্বিতভাবে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(খ) জেলা পর্যায়ের পর্যটনবর্ষ ২০১৬ উদযাপনের যাবতীয় কর্মপরিকল্পনা গ্রহণ ও বাজেট প্রণয়ন;

(গ) মন্ত্রণালয় এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সাথে সমন্বয় সাধন;

(ঘ) পর্যটনবষ-২০১৬ উদযাপনে গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম তদারিক ও ব্যয় অনুমোদন;

(ঙ) কমিটি প্রয়োজনে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কেয়া খান**
উপসচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ জ্যৈষ্ঠ ১৪২২/১০ জুন ২০১৫

**নং ৩৯.০৪.০০০০.০০৭.০৬.০০২.১০.১০৩**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)-এর "পরিচালনা বোর্ড" নিম্নরূপে পুনর্গঠন করা হ'ল ঃ

**পরিচালনা বোর্ড**

**সভাপতি**

(ক) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(খ) অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, ঢাকা

(গ) অতিরিক্ত সচিব (বিপ্রউ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

(ঘ) যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

(ঙ) যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, ঢাকা।

(চ) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান, ঢাকা।

(ছ) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।

(জ) সরকার কর্তৃক মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক:

অধ্যাপক ড. মোঃ মোবারক হোসেন, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(ঝ) সরকার কর্তৃক মনোনীত পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক:

অধ্যাপক, ড. আব্দুল জব্বার খান, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।

(ঞ) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ।

(ট) সরকার কর্তৃক মনোনীত বিজ্ঞান ও গবেষণা কাজে অবদান রয়েছে এরূপ তিন (৩) জন ব্যক্তি:

(i) অধ্যাপক ড. লুৎফুল হাসান, কৌলিতত্ব ও উদ্ভিদ প্রজনন বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

(ii) অধ্যাপক ড. মোঃ তারিকুল হাসান, রসায়ন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

(iii) অধ্যাপক ডঃ মোঃ জিয়াউর রহমান খান, ত.ই কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা

**সদস্য-সচিব**

(ঠ) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টশন সেন্টার (ব্যান্সডক)।

২। "বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টশন সেন্টার (ব্যান্সডক) আইন, ২০১০" এর ধারা ৭ এ বর্ণিত বিধান অনুসারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিচালনা বোর্ড গঠন করা হলো।

৩। পরিচালনা বোর্ডের সদস্যগণ "বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টশন সেন্টার (ব্যান্সডক) আইন, ২০১০" এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করবেন।

৪। ক্রম (ট) এ বর্ণিত সরকার কর্তৃক মনোনীত বিজ্ঞান ও গবেষণা কাজে অবদান রয়েছে এরূপ সদস্যগণ তাদের মনোনয়নের তারিখ থেকে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকবেন।

৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**ড. মহঃ শের আলী**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**অধিগ্রহণ অধিশাখা-১**

**এল, এ, কেস নং-১০২/৬৫-৬৬**

**ফরম ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০১ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৯.১৪-১৮৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৪-১০-১৯৬৬ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল :

**তফসিল**

মৌজা মনোহরদী, জে এল নং ১১৮, থানা মনোহরদী, জেলা নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৯১ আংশিক | ০.১৭ |

ইহা নরসিংদী জেলার মনোহরদী থানায় মনোহরদী সার গুদাম নির্মাণ প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এ আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আব্দুল কাদের**
উপসচিব।

---

**এল, এ, কেস নং-৭৮/৬১-৬২**

**ফরম ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০১ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৯.১৪-১৮৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৩-০৪-১৯৬২ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল :

**তফসিল**

মৌজা একদয়ারিয়া, জে এল নং ১৬৬, থানা মনোহরদী, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৮৪৩ (অংশ) | ০.৭০ |
| ২১০৯ | ০.০৫ |
| ২১১২ | ০.০৪ |
| ২১১৪ | ০.০৩ |
| ২১১৫ | ০.০৫ |
| ২১১৬ | ০.০১ |
| ২১১৭ | ০.২৩ |
| ২১১৮ | ০.০৩ |
| ২১২৩ | ০.১৮ |
| ২১২৫ | ০.০৬ |
| ২১২৪ | ০.০৭ |
| | মোট=১.৪৫ একর |

মৌজা আশুটিয়া, জে এল নং ১৭৩, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৭৮(অংশ) | ০.০১ |
| ২৭৯ | ০.৫৫ |
| ২৮০ | ০.০২ |
| ২৮১ | ০.০২ |
| ২৮২ | ০.০১ |
| ২৮৪ | ০.২২ |
| | মোট=০.৮৩ একর |

মৌজা লাকুরশি চাপা, জে এল নং ১৮১, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৪১(অংশ) | ০.০৫ |
| ১৪৩ | ০.০৫ |
| | মোট=০.১০ একর |

মৌজা মজলিশপুর, জে এল নং ১৭৪, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৩২৮(অংশ) | ০.১০ |
| | ০১টি দাগে ০.১০ একর |

মৌজা শিবপুর, জে এল নং ৩০৬, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২ (অংশ) | ০.০১ |
| ৩ | ০.০৯ |
| ৪ | ০.০২ |
| ৩৮ | ০.০৮ |
| ৪২ | ০.০৭ |
| ১৮৩ | ০.০৫ |
| ১৮৫ | ০.০৪ |
| ১৮৬ | ০.০২ |
| ১৯০ | ০.১৯ |
| | মোট=০.৫৭ একর |

মৌজা সাতপাড়া, জে এল নং ১৮২, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৪(অংশ) | ০.২৫ |
| ১৫ | ০.১০ |
| ৯২ | ০.০৮ |
| ৯৩ | ০.২৩ |
| ১০৫ | ০.০৬ |
| ১০৬ | ০.৩৫ |
| ১২৮ | ০.০৩ |
| ১২৯ | ০.১২ |
| ১৩০ | ০.০৮ |
| | মোট=১.৩০ একর |

মৌজা আশরাফপুর জে এল নং ১৭৬, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ০১(অংশ) | ০.০২ |
| ১২ | ০.০৪ |
| ১৪ | ০.০৮ |
| ২৬ | ০.০৩ |
| ২৭ | ০.০৪ |
| ২৯ | ০.১১ |
| ৩০ | ০.১০ |
| ৩৩ | ০.১৬ |
| ৫৭ | ০.০৩ |
| ৫৮ | ০.০৪ |
| ৬১ | ০.০৮ |
| ৬৬ | ০.০২ |
| ৯৫ | ০.০৫ |
| ৯৬ | ০.০৩ |
| ৯৮ | ০.০২ |
| | মোট=০.৮৫ একর |

মৌজা বাংগাল সাতপাড়া, জে এল নং ১৮০, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ০১(অংশ) | ০.০২ |
| ৫ | ০.০৬ |
| ৬ | ০.০৮ |
| ১৪ | ০.০৩ |
| ১৫ | ০.০৪ |
| ১৬ | ০.০৪ |
| ১৭ | ০.০৩ |
| ৩৮ | ০.০৭ |
| | মোট=০.৩৭ একর |

মৌজা পূর্বেরগাঁও, জে এল নং ১৭৫, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৮(অংশ) | ০.১৮ |
| ৯ | ০.১৮ |
| ১১ | ০.০৮ |
| ১৩ | ০.০৫ |
| ১৪ | ০.০৫ |
| ১৬ | ০.০৩ |
| ১৭ | ০.০৭ |
| ১৯ | ০.০২ |
| ২০ | ০.০১ |
| ২৪ | ০.০৭ |
| ২৬ | ০.০১ |
| ২৯ | ০.০২ |
| ৩০ | ০.০৬ |
| ৩২ | ০.০৬ |
| ৫৫ | ০.০৩ |
| ৫৭ | ০.০২ |
| ৫৯ | ০.০২ |
| ৩২৯ | ০.০১ |
| ৩৩০ | ০.০১ |
| ৩৩১ | ০.০২ |
| ৩৩৩ | ০.০২ |
| ৩৩৪ | ০.০৭ |
| ৩৪৪ | ০.০৪ |
| ৩৫৪ | ০.০২ |
| ৬৮৯ | ০.০৫ |
| ৬৯০ | ০.০৫ |
| ৬৯৪ | ০.০৫ |
| ৮২৬ | ০.২২ |
| ৮৩১ | ০.০৫ |
| ৮৩৩ | ০.০৪ |
| ৮৪০ | ০.০১ |
| ৮৪১ | ০.০২ |
| ৮৪৪ | ০.০১ |
| ৮৪৯ | ০.০২ |
| ৮৫০ | ০.১৭ |
| | মোট=১.৮৪ একর |

মৌজা আড়ালিয়া, জে এল নং ৩০৫, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ০২(অংশ) | ০.১২ |
| ০৩ | ০.০৫ |
| ০৪ | ০.০৪ |

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ০৫ | ০.০৪ |
| ০৬ | ০.০৩ |
| ০৭ | ০.১২ |
| ০৮ | ০.১২ |
| ০৯ | ০.১৬ |
| ১১ | ০.০২ |
| ৯৫ | ০.০৪ |
| ৯৬ | ০.০২ |
| ৯৭ | ০.০৫ |
| ৯৮ | ০.০৪ |
| ১১১ | ০.১৪ |
| ১২২ | ০.০২ |
| ১২৩ | ০.১২ |
| ১২৭ | ০.১৪ |
| | মোট=১.১৮ একর |

সর্বমোট ১০টি মৌজায় ৮.৫৯ একর।

ইহা নরসিংদী জেলার শিবপুর ও মনোহরদী থানার বড়লেখা/বড়মতলা খাল পুনঃ খনন নির্মাণ প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদীতে রক্ষিত আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আব্দুল কাদের**
উপসচিব।

---

**এল, এ, কেস নং-৮৭/৬৭-৬৮**

**ফরম ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০১ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৯.১৪-১৮৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৮-০৩-১৯৬৮ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল ঃ

**তফসিল**

মৌজা সৈয়দের খোলা, জে এল নং ৩২১, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৫২৪ (অংশ) | ০.৩২ |
| ৫২৭ (অংশ) | ০.১৫ |
| ৫৯৮ (অংশ) | ০.১০ |
| | ০৩ তিনটি দাগে মোট=০.৫৭ একর |

মৌজা সৈয়দের খোলা, জে এল নং ৩৯২, থানা কালীগঞ্জ (পলাশ)

| সি,এস দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৭৭ (অংশ) | ০.১৮ |
| ৮৪ ,, | ০.১৮ |
| ৮৩ ,, | ০.৮২ |
| | ০৩ তিনটি দাগে মোট=১.১৮ একর |

মৌজা সেকান্দরদী, জে এল নং ৩৯৫, থানা কালীগঞ্জ (পলাশ)

| সি,এস দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৭০ (অংশ) | ০.০১ |
| ১৭৬ ,, | ০.০৭ |
| ১৭৮ ,, | ০.৪৬ |
| ১৮৯ ,, | ০.১৮ |
| ১৯০ ,, | ০.১৪ |
| ১৯১ ,, | ০.১৫ |
| ২৮০ ,, | ০.১০ |
| ২৮১ ,, | ০.০৬ |
| ২৮২ ,, | ০.১২ |
| ২৯০ ,, | ০.০২ |
| ২৯১ ,, | ০.১৬ |
| ২৯৩ ,, | ০.১০ |
| ২৪৩ ,, | ০.৩১ |
| ২৯৬ ,, | ০.১৫ |
| ২৯৯ ,, | ০.০৫ |
| ৩০০ ,, | ০.০৮ |
| ৩১১ ,, | ০.০৮ |
| ৩১২ ,, | ০.০৮ |
| ৩১৬ ,, | ০.১০ |
| ৩১৭ ,, | ০.১০ |
| ৪২৮ ,, | ০.০৮ |
| ৪২৯ ,, | ০.৩৬ |
| ৪৪৩ ,, | ০.১৩ |
| ৪৪৪ ,, | ০.১৩ |
| ৪৪৫ ,, | ০.০৯ |
| ৪৪৬ ,, | ০.১৪ |

| সি,এস দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৪৪৭ অংশ | ০.১০ |
| ৪৪৯ ,, | ০.০১ |
| ৪৯১ ,, | ০.০১ |
| ৪৯২ ,, | ০.০৩ |
| ৪৯৩ ,, | ০.১২ |
| ৪৯৪ ,, | ০.১০ |
| ৪৯৮ ,, | ০.০১ |
| ৫৫২ ,, | ০.০১ |
| ৫৬৭ ,, | ০.০৪ |
| | ৩৫টি দাগে মোট=৩.৮৮ একর |

মৌজা ইছাখালী, জে এল নং ৩৯১, থানা কালীগঞ্জ হালে-পলাশ, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১১০২ (অংশ) | ০.০২ |
| ১১০৩ ,, | ০.২১ |
| ১১০৪ ,, | ০.০৪ |
| ১১০৫ ,, | ০.০৭ |
| ১১০৯ ,, | ০.১০ |
| ১০৯৪ ,, | ০.০৪ |
| ১০৯৫ ,, | ০.২৪ |
| ১১১০ ,, | ০.২৬ |
| ১১২৪ ,, | ০.০৬ |
| ১১২৬ ,, | ০.০৫ |
| ১১২৭ ,, | ০.০৮ |
| ১১৩০ ,, | ০.০৭ |
| ১১৩৪ ,, | ০.০৭ |
| ১১৩৫ ,, | ০.০৪ |
| ১১৩৬ ,, | ০.০৪ |
| ২৪৮৬ ,, | ০.১০ |
| ২৪৮৭ ,, | ০.০৩ |
| ২৪৮৮ ,, | ০.০৪ |
| ২৪৮৯ ,, | ০.০৩ |
| ২৪৯০ ,, | ০.০৮ |
| ২৫১৮ ,, | ০.০৭ |
| ২৫১৯ ,, | ০.০৩ |
| ২৫২০ ,, | ০.০৩ |
| ২৫২৩ ,, | ০.০৩ |
| ২৫২৫ ,, | ০.০৬ |
| ২৫২৮ ,, | ০.০৮ |
| ২৫৩১ ,, | ০.০৬ |
| ২৫৩৬ ,, | ০.০৫ |
| ২৫৩৭ ,, | ০.০৫ |
| ২৬৩০ ,, | ০.০২ |
| ২৬৩১ ,, | ০.০২ |

| সি,এস দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৬৩২ অংশ | ০.০৩ |
| ২৬৩৫ ,, | ০.০৪ |
| ২৬৩৭ ,, | ০.০৬ |
| ২৬৫১ ,, | ০.০৬ |
| ২৬৫৩ ,, | ০.০৮ |
| ২৬৫৫ ,, | ০.০৮ |
| ২৬৫৭ ,, | ০.০২ |
| | ৩৮টি দাগে মোট=২.৫৪ একর |

মৌজা কারারদি, জে এল নং ৩৯৬, থানা শিবপুর, জেলা ঢাকা হালে নরসিংদী।

| সি,এস দাগ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১ (অংশ) | ০.০৯ |
| ২ ,, | ০.০৭ |
| ৩ ,, | ০.০৪ |
| ২৪ ,, | ০.০৫ |
| ২৫ ,, | ০.০৬ |
| ২৬ ,, | ০.০৬ |
| ২৯ ,, | ০.০৬ |
| ৩০ ,, | ০.০৬ |
| ৩৫ ,, | ০.১০ |
| ৩৬ ,, | ০.০৪ |
| ৩৭ ,, | ০.০৬ |
| ৩৮ ,, | ০.০১ |
| ৪৮ ,, | ০.২০ |
| ৪৯ ,, | ০.১৫ |
| ৫০ ,, | ০.১৯ |
| ৫১ ,, | ০.০৯ |
| ৫২ ,, | ০.০৮ |
| ১০২ ,, | ০.০২ |
| ১০৩ ,, | ০.০৬ |
| ১০৪ ,, | ০.০৭ |
| ১০৫ ,, | ০.০৮ |
| ১১৪ ,, | ০.১৭ |
| ১১৫ ,, | ০.১৬ |
| ১১৬ ,, | ০.১৬ |
| ১১৭ ,, | ০.৫০ |
| ১১৮ ,, | ০.২৯ |
| | ২৬টি দাগে মোট=২.৯২ একর |

সর্বমোট ০৫টি মৌজায় ১১.০৯ একর।

ইহা নরসিংদী জেলার শিবপুর ও পলাশ থানার চরসিন্দুর-পুটিয়া সড়ক নির্মাণ প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদীতে রক্ষিত আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আব্দুল কাদের**
উপসচিব।

**এল, এ, কেস নং-৩৫/৬৭-৬৮**

**ফরম ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০১ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৯.১৪-১৮৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৪-০৬-১৯৬৮ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল :

**তফসিল**

মৌজা হাসনাবাদ, জে এল নং ৩৭২, থানা রায়পুরা, জেলা নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৮৭ আংশিক | ০.৫১৫০ |
| ১৮৬১ আংশিক | ০.৫১৫০ |
| | মোট=০১.০৩ একর |

ইহা নরসিংদী জেলার রায়পুরা থানার আমিরগঞ্জ রেলওয়ে স্টেশন নির্মাণ প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এ আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আব্দুল কাদের**
উপসচিব।

---

**এল, এ, কেস নং-৯৮/৬৭-৬৮**

**ফরম ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০১ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৯.১৪-১৮৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৩-০৫-১৯৭০ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল :

**তফসিল**

মৌজা সাটিরপাড়া, জে এল নং ২৯৩, থানা নরসিংদী সদর, জেলা নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৪১৭ আংশিক | ০.৩১৮১ |
| | সর্বমোট ১টি দাগে=০.৩১৮১ একর |

ইহা নরসিংদী পোস্ট অফিস ও পোস্টমাস্টার এর বাসভবন নির্মাণ প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এ আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আব্দুল কাদের**
উপসচিব।

---

**এল, এ, কেস নং-২/৭৬-৭৭**

**ফরম ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০১ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৯.১৪-১৮৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৪-০৭-১৯৭৭ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল :

**তফসিল**

মৌজা হাসনাবাদ, জে এল নং ৩৭২, থানা রায়পুরা, জেলা নরসিংদী।

| সি,এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৩৩৮ আংশিক | ০১.০০ |
| ৩২৮ আংশিক | ০.৪০ |
| ৩২৭ আংশিক | ০.১০ |
| | সর্বমোট ৩টি দাগে =১.৫০ একর |

ইহা নরসিংদী জেলার রায়পুরা থানা কৃষি প্রশিক্ষণ উন্নয়ন উপকেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হ'ল।

জমির নক্সা ভূমি অধিগ্রহণ শাখা জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এ আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আব্দুল কাদের**
উপসচিব।

**এল, এ, কেস নং-৭৫/১(W)/১৯৬৩-৬৪**

**ফরম ঘ**

**ঘোষণাপত্র**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৪ মে ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০২৯.১৫-২৬৬**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৫-০৫-১৯৬৩ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল :

**তফসিল**

মৌজা মিঠাগঞ্জ, জে এল নং ২১, সিট নং-৪, উপজেলা কলাপাড়া, জেলা পটুয়াখালী।

| খতিয়ান নম্বর | দাগ (এসএ) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৫৬ | ৪০৭৮ | ০.৫২ |
| ১৫৬ | ৪০৭৯ | ০.০৯ |
| ১৫৬ | ৪০৮১ | ০.০৮ |
| ২২৭ | ৪০৮২ | ০.২১ |
| ২২৭ | ৪০৮৩ | ০.১৮ |
| ২২৭ | ৪০৮৪ | ১.৩২ |
| ২২৭ | ৪০৮৮ | ০.০৩ |
| ২২৭ | ৪০৮৯ | ০.৭৫ |
| ৪৮ | ৪০৯৮ | ০.০৯ |
| | | মোট=৩.২৭ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল, এ, কেস নং-২৪/১(W)/১৯৭৩-৭৪**

**ফরম ঘ**

**ঘোষণাপত্র**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৪ মে ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০২৯.১৫-২৬৮**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৭-১১-১৯৭৩ খ্রিস্টাব্দ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল ঃ

**তফসিল**

মৌজা আনিপাড়া, জে এল নং ০৪, সিট নং-৩, উপজেলা কলাপাড়া, জেলা পটুয়াখালী।

| খতিয়ান নম্বর | দাগ (এসএ) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩৩৩ | ২৯১৬ | ০.০৫ |
| ৪০৫ | ২৯১৯ | ০.০৯ |
| ৪০৫ | ২৯২০ | ০.০৬ |
| ৪০৫ | ২৯২১ | ০. ২৮ |
| ৪২৩, ৪৯৩ | ২৯২৬ | ০.০৬ |
| ৪২৩, ৪৯৩ | ২৯২৭ | ০.৬৫ |
| ৪২৩, ৪৯৩ | ২৯২৮ | ০.১৫ |
| ৪২৩, ৪৯৩ | ২৯২৯ | ০.০২ |
| ৪২৩, ৪৯৩ | ২৯৩৪ | ০.৫৪ |
| ৪২৩, ৪৯৩ | ২৯৩৭ | ০.০৭ |
| ৩৪৯, ৪২৩ | ২৯৩৮ | ০.৪৭ |
| ৩৪৯, ৪২৩ | ২৯৩৯ | ০.০৮ |
| ৩৪৯, ৪২৩ | ২৯৪০ | ০.৫৫ |
| ১/৫২৩ | ২৯৪১ | ০.২৩ |
| ১/৫২৩ | ২৯৪২ | ১.১৬ |
| ৩৫০ | ২৯৪৪ | ০.৭৫ |
| ৩৫০ | ২৯৪৫ | ০.৮৬ |
| ৩৪৯, ৪২৩ | ২৯৪৬ | ০.৩৬ |
| ৩৪৯, ৪২৩ | ২৯৪৭ | ০.৮০ |
| ৩৫০ | ৩৩৫৪ | ০.৪৪ |
| ১/৫২৩ | ৩৩৫৫ | ০.৫৭ |
| ১/৫২৩ | ৩৩৫৬ | ০.৩০ |
| ১৭৪ | ৩৩৫৭ | ০.৫১ |
| ২০২ | ৩৩৬১ | ০.৩৯ |
| ৪৩ | ৩৩৬২ | ০.৬৬ |
| ৪৩, ৩৩২, ৪০৩ | ৩৩৬৫ | ০.০৮ |
| ৩৩২, ৪০৩ | ৩৩৬৬ | ০.২২ |
| ৩৩২, ৪০৩ | ৩৩৬৭ | ০.১৬ |
| ৩১৭, ৪৭৬ | ৩৩৬৮ | ০.১৩ |
| | | মোট=১০.৬৯ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

**এল এ কেস নম্বর : ৩৬ (w)/১৯৬২-৬৩**
**ফরম-ঘ**
**ঘোষণাপত্র**
**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ২৪ মে ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০২৯.১৫-২৬৭**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৮-০২-১৯৬২ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

**তফসিল**

জেলাঃ পটুয়াখালী, উপজেলাঃ কলাপাড়া, মৌজাঃ বৌলতলী, জেএল নং ৩৯, সিট নং ৫।

| খতিয়ান নম্বর | দাগ (এসএ) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|
| ১১২ | ৩০২৩ | ০.০৪ |
| ১১২ | ৩০২৪ | ০.১১ |
| ৯৬ | ৩০২৫ | ০.২৬ |
| ১৮২ | ৩০২৬ | ০.২১ |
| ১২২ | ৩০২৭ | ০.৩৩ |
| ৫৮ | ৩০২৮ | ০.৩৯ |
| ২৯ | ৩০৩০ | ০.২১ |
| ২৯ | ৩০৩১ | ০.৩০ |
| ৫১ | ৩০৩২ | ০.১৯ |
| ৫১ | ৩৩৩৩ | ০.১৪ |
| ৩৩ | ৩০৩৫ | ০.৯০ |
| ৩৩ | ৩০৩৬ | ০.২২ |
| ৫১ | ৩০৩৭ | ০.০৪ |
| ৫১ | ৩০৩৮ | ০.০৪ |
| ২৯ | ৩০৩৯ | ০.২৬ |
| ২৯ | ৩০৪০ | ০.১০ |
| ৫৮ | ৩০৪১ | ০.০৮ |
| ২৯ | ৩০৪৬ | ০.১০ |
| ২৯ | ৩০৪৭ | ০.০৮ |
| ৫৮ | ৩০৪৮ | ০.১৪ |
| ৫৮ | ৩০৪৯ | ০.০৪ |
| ৫৮ | ৩০৫০ | ০.০৫ |
| ৫৮ | ৩০৫১ | ০.১০ |
| ৫৮ | ৩০৫৩ | ০.০৯ |
| ১২২ | ৩০৫৪ | ০.২০ |
| ১৮২ | ৩০৬০ | ০.৩৬ |
| ৯৬ | ৩০৬১ | ০.৫২ |
| ১২২ | ৩০৬২ | ০.০২ |
| ১৬২ | ৩১৫১ | ০.২২ |
| ১৬২ | ৩১৫২ | ০.২০ |
| ১৬২ | ৩১৫৩ | ০.১৯ |
| ১৬২ | ৩১৫৪ | ০.১০ |
| ১৬২ | ৩১৫৫ | ০.৮৬ |
| ১৬২ | ৩১৫৭ | ০.০৭ |
| ১৬২ | ৩১৫৮ | ০.১৭ |
| ১৬২ | ৩১৫৯ | ০.০৪ |
| ১৬২ | ৩১৬০ | ০.২৪ |
| ১৬২ | ৩১৬১ | ১.১৯ |
| ৪১ | ৩১৬৩ | ২.০৬ |
| | | মোট=১২.৪৪ একর। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল এ কেস নম্বর : ৩৫ (w)/১৯৬৯-৭০**
**ফরম-ঘ**
**ঘোষণাপত্র**
**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ২৪ মে ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৬.১৪-২৬২**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৩০-০৫-১৯৭০ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

**তফসিল**

জেলাঃ পটুয়াখালী, উপজেলাঃ গলাচিপা, মৌজাঃ উলানিয়া রতনদি, জেএল নং ১০৩, সিট নং ৬।

| খতিয়ান নম্বর | দাগ (এসএ) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|
| ২৬১ | ৭০৫৭ | ০.১০ |
| ১২৭৪ | ৭০৫৮ | ০.৮৫ |
| ৫, ১২৭০, ১২৮৫ | ৭০৫৯ | ০.৭০ |
| ৫, ১২৭০, ১২৮৫ | ৭০৬০ | ১.২০ |
| ১১০২ | ৭১০৮ | ০.০৫ |
| ১২৭১ | ৭১০৯ | ১.৬০ |
| ১১০২ | ৭১১০ | ০.২৮ |
| ১১০২ | ৭১২১ | ০.৮৮ |

| খতিয়ান নম্বর | দাগ (এসএ) | অধিগ্রহণকৃত জমি (একর) |
|---|---|---|
| ২১৩ | ৭১২৩ | ০.৪৪ |
| ১২৮৩ | ৭১২৪ | ০.৭১ |
| ২১১ | ৭১৩২ | ০.৮৬ |
| ৭২৮ | ৭১৩৩ | ০.৪২ |
| ৫০৭ | ৭১৩৪ | ১.৪৫ |
| ১১০৪ | ৭১৬৬ | ০.৩৫ |
| ৭৬২ | ৭১৬৭ | ০.৭১ |
| ২০৯ | ৭১৭২ | ১.২৮ |
| ৬, ১২৭৩ | ৭১৭৩ | ০.৪০ |
| ৩১৬, ৮০৭ | ৭১৭৫ | ০.৭৩ |
| ৮৬৭ | ৭১৭৬ | ০.৮৬ |
| ৪৪২ | ৭১৭৮ | ০.১৬ |
| ১২৮৬ | ৭১৭৯ | ১.৩৫ |
| ৮৬৭ | ৭১৮০ | ০.০২ |
| ২৬১ | ৭২০১ | ১.৮৬ |
| ৩২১ | ৭২০২ | ০.৩০ |
| ৩২১ | ৭২০৩ | ০.২৩ |
| ২৬১, ১২৪৬ | ৭২১৮ | ১.০০ |
| ২৬১ | ৭২১৯ | ০.২৫ |
| ২৬১ | ৭২২০ | ১.২০ |
| ২৬১ | ৭২৪০ | ০.০২ |
| ২৬১ | ৭২৪১ | ০.৭৫ |
| ৯২১ | ৭২৪২ | ০.২৯ |
| ১২৮৭ | ৭২৪৩ | ০.৩১ |
| ৩১৭ | ৭২৪৪ | ০.১১ |
| ১২৪৬ | ৭২৪৫ | ০.০৮ |
| ৩১৭ | ৭২৪৬ | ০.০১ |
| ৩২৮ | ৭২৪৮ | ০.৬৩ |
| ৩২৮ | ৭২৪৯ | ১.৯২ |
| ৩২৮ | ৭২৫০ | ০.০৬ |
| ৩২৮ | ৭২৬০ | ০.০৮ |
| ৩২৮ | ৭২৬২ | ০.০৬ |
| ৩২৮ | ৭২৬৩ | ০.০৭ |
| ৩২৮ | ৭২৬৪ | ০.০৫ |
| ৩২৮ | ৭২৬৫ | ০.১০ |
| ৩২৮ | ৭২৬৬ | ০.০৮ |
| ৩২৮ | ৭২৬৭ | ০.১০ |
| ৩২৮ | ৭২৬৮ | ০.০৯ |
| ৩২৮ | ৭২৬৯ | ০.২৩ |
| ৩২৮ | ৭২৭০ | ০.৩০ |
| ৩২৮ | ৭২৭১ | ০.৩২ |
| ৩২৮ | ৭২৭২ | ০.১০ |
| ৩২৮ | ৭২৭৩ | ০.০৮ |
| ৩২৮ | ৭২৭৪ | ০.৩৫ |
| ৩২৮ | ৭২৭৫ | ০.১৮ |
| ১০০২ | ৭২৭৬ | ২.০৭ |
| ১০০২ | ৭২৭৭ | ০.১৮ |
| ১০০৩ | ৭২৭৮ | ১.৫২ |
| ১০০৩ | ৭২৮০ | ০.২৩ |
| ৬৮৮ | ৭২৮১ | ০.২৯ |
| ৬৮৮ | ৭২৮২ | ০.২৮ |
| ৬৮৮ | ৭২৮৩ | ০.২৯ |
| ১০০৩ | ৭২৮৪ | ০.৮৫ |
| ১০০৩ | ৭২৮৫ | ০.০৭ |
| ৬৭২ | ৭২৯৪ | ০.১৪ |
| ৬৭২ | ৭২৯৫ | ০.২৬ |
| ৬৭২ | ৭২৯৬ | ১.১২ |
| ৬৭২ | ৭২৯৭ | ০.২৭ |
| ৬৭২ | ৭২৯৮ | ০.২১ |
| ৬৭২ | ৭২৯৯ | ০.২৩ |
| ৬৭২ | ৭২৯০ | ০.১০ |
| ৬৮৮ | ৭৩০৮ | ০.০৪ |
| ৬৮৮ | ৭৩০৯ | ০.০৪ |
| ৬৮৪ | ৭৩১০ | ০.০৩ |
| ৬৮৮ | ৭৩১১ | ০.০৫ |
| ৬৭২ | ৭৩৬১ | ০.০৯ |
| ৬৭২ | ৭৩৬২ | ০.১৮ |
| ৬৭২ | ৭৩৬৩ | ০.০৩ |
| ৬৭২ | ৭৩৬৪ | ০.১২ |
| ৬৭২ | ৭৩৬৫ | ০.৮৭ |
| ৬৭২ | ৭৩৬৬ | ০.০৬ |
| ৬৭২ | ৭৩৭০ | ০.১৬ |
| ৬৭২ | ৭৩৭১ | ০.১০ |
| ৬৭২ | ৭৩৭২ | ০.৩০ |
| ৬৭২ | ৭৩৭৩ | ০.১৭ |
| ৬৭২ | ৭৩৭৪ | ০.১৭ |
| ৬৭২ | ৭৩৭৫ | ০.১৩ |
| ৬৭২ | ৭৩৭৬ | ০.০৯ |
| ৬৭২ | ৭৩৭৭ | ০.০১ |
| ৬৭২ | ৭৩৭৮ | ০.১৪ |
| ৬৭২ | ৭৩৭৯ | ০.০১ |
| ৭১ | ৭৩৮২ | ০.০৬ |
| ৭১ | ৭৩৮৭ | ০.০৫ |
| ৭১ | ৭৩৮৮ | ০.০৫ |
| ৭১ | ৭৩৮৯ | ০.৬৪ |
| ৭১ | ৭৩৯০ | ০.৫৫ |
| ৭১ | ৭৩৯১ | ০.০৭ |
| ৭১ | ৭৩৬৯ | ০.০৩ |
| | | মোট=৩৮.৯৬ একর। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৮ আষাঢ় ১৪২২/২২ জুন ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৩৬.৩৪.০০৭.১২-২৫০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | নিজ বানাশুয়া | ৮৯ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (২) | নুরপুর | ১৫৬ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৩) | সরিপপুর | ১৭৫ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৪) | সানকিজলা | ১৮৭ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৫) | তেতৈয়ারা | ২০৯ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৬) | চাপাপুর | ২১০ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৭) | রামচন্দ্রপুর | ২১৫ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৮) | রঘুপুর | ২১৬ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (৯) | লক্ষীনগর | ২৩৭ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (১০) | জোরামেহের | ২২৬ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| (১১) | পানীখোরা | ১০৭ | চান্দিনা | কুমিল্লা |
| (১২) | ধনপতিখোলা | ১২ | মুরাদনগর | কুমিল্লা |
| (১৩) | মেটংঘর | ১৪ | মুরাদনগর | কুমিল্লা |
| (১৪) | কুড়াখালকুরুন্ডী | ৪৮ | মুরাদনগর | কুমিল্লা |
| (১৫) | সোনাতলা | ৫০ | মুরাদনগর | কুমিল্লা |
| (১৬) | তেতইতলা | ৯৯ | মুরাদনগর | কুমিল্লা |
| (১৭) | চালিভাঙ্গা | ০৩ | হোমনা | কুমিল্লা |
| (১৮) | সেনেরচর | ০৫ | হোমনা | কুমিল্লা |
| (১৯) | সাপমারা-চন্দনপুর | ০৬ | হোমনা | কুমিল্লা |
| (২০) | লস্তিমানিকা | ১০ | হোমনা | কুমিল্লা |
| (২১) | বিজয়নগর | ২২ | হোমনা | কুমিল্লা |
| (২২) | রঘুনাথপুর | ৮১ | হোমনা | কুমিল্লা |
| (২৩) | পূর্বকাশীপুর | ৯৫ | হোমনা | কুমিল্লা |
| (২৪) | উত্তর শশীদল | ৩২ | ব্রাহ্মণপাড়া | কুমিল্লা |
| (২৫) | গুজরা | ১৪৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| (২৬) | ফেলনা | ১৯৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| (২৭) | আদ্রা | ১৪৬ | নাঙ্গলকোট | কুমিল্লা |
| (২৮) | শ্রীহাস্য | ৮২ | নাঙ্গলকোট | কুমিল্লা |
| (২৯) | বুড়িয়ার চর | ১৪ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩০) | কালাইরকান্দি | ৩৩ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩১) | নোয়াকান্দি | ৪০ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩২) | বাতাকান্দি | ৫৩ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩৩) | বাঘাইয়া রামপুর | ৮৭ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩৪) | পূর্ব্ব হাসনপুর | ১০৬ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩৫) | সেনদি | ১৬৬ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩৬) | নছরদ্দি ঢুলি | ১৭৭ | দাউদকান্দি | কুমিল্লা |
| (৩৭) | দক্ষিণ লক্ষীপুর | ২২৭ | বরুড়া | কুমিল্লা |
| (৩৮) | দক্ষিণ বদরপুর | ২২৮ | বরুড়া | কুমিল্লা |
| (৩৯) | জীবনপুর | ৫২ | বরুড়া | কুমিল্লা |
| (৪০) | পোম্মাধশ | ১৬২ | বরুড়া | কুমিল্লা |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৪১) | জয়নগর | ১৪১ | বরুড়া | কুমিল্লা |
| (৪২) | পশ্চিম বড়ইয়া | ৭৪ | বরুড়া | কুমিল্লা |
| (৪৩) | নাচারপার | ১৭৭ | বরুড়া | কুমিল্লা |
| (৪৪) | ছয়ছিলা | ১০ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৪৫) | বেতিয়া পাড়া | ৪৩ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৪৬) | গোবিন্দপুর | ৯১ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৪৭) | উপাধিক | ৩০ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৪৮) | বদরপুর | ৫২ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৪৯) | রাম নারায়নপুর | ৬৫ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৫০) | চিরকা | ১০২ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৫১) | চর রাঘব রায় | ১১১ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৫২) | আকানীয়া নাছিরপুর | ১২৮ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| (৫৩) | ফুলবাড়িয়া | ১০৯ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৫৪) | মাছিমপুর | ১২৩ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৫৫) | কচুয়ামুড়া | ২০৭ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৫৬) | আনন্দগাঁও | ১৬০ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৫৭) | চৈকবিল | ১৩০ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৫৮) | আড়াইসিধা | ০২ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৫৯) | পশ্চিম ফুলবাড়িয়া | ৭২ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬০) | নওয়াবাদ | ২৪৫ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬১) | পশ্চিম কাঞ্চনপুর | ২৬৬ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬২) | কাচাইট | ২৬৭ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬৩) | পূর্ব পাইকপাড়া | ৩০০ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬৪) | চরলালপুর | ০৯ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬৫) | পত্তন আরাজী | ১০৭ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬৬) | গকুলনগর | ১১৪ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬৭) | দোহাসবিল | ১২৭ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬৮) | দক্ষিণ যাদবপুর | ১৩৮ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৬৯) | আরিয়াল | ১৩৯ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭০) | আলা দাউদপুর | ১৫৬ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭১) | বড় উঠান | ১৮৮ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭২) | পূর্ব মনিপুর | ১৯৩ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭৩) | বারের বন্দ | ১৯৪ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭৪) | পূর্ব লক্ষ্মীপুর | ১৯৬ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭৫) | ছানিপুর | ১৯৭ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭৬) | কামালমুরা | ২০৪ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭৭) | গিলামুড়া | ২০৮ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭৮) | অনন্তপুর | ২১২ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৭৯) | শ্যামপুর | ২২৪ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৮০) | শ্যামপুর | ২২৫ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৮১) | মুরাদনগর | ২৪৯ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৮২) | জয়ধরকান্দি | ১২ | সরাইল | ব্রাহ্মণবাড়ীয়া |
| (৮৩) | পরমানন্দপুর | ১৭ | সরাইল | ব্রাহ্মণবাড়ীয়া |

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**

**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ জ্যৈষ্ঠ ১৪২২/০৯ জুন ২০১৫

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৬১.১৩-৩৩১**—যেহেতু, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা (বর্তমানে ঈশ্বরদী সরকারি কলেজ, ঈশ্বরদী, পাবনা) এর বিরুদ্ধে গাইবান্ধা সদর থানায় গত ২৯-০৯-২০১২ তারিখে দায়েরকৃত ৩১ নম্বর মামলায় ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা এবং দণ্ডবিধি ১০৯ ধারায় আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয় এবং গত ০২-০৬-২০১৩ তারিখে ১২৮ নম্বর চার্জশিট বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে;

যেহেতু, তৎপরিপ্রেক্ষিতে জনাব মোঃ মোস্তাফিজুর রহমান কে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং সেহেতু পরবর্তীতে বিজ্ঞ বিশেষ জজ আদালত রংপুর কর্তৃক গত ০১-০৩-২০১৫ তারিখে স্পেশাল কেস নং-৯/২০১৪ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), ঈশ্বরদী সরকারি কলেজ, ঈশ্বরদী, পাবনা এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হ'ল।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম খান**
সচিব।

---

**শাখা ঃ ২২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪২২/০২ জুন ২০১৫

**নং ৩৭.০৭.০০০০.০৮৩.১৮.০০৭.১৩-৩১৬**—শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের খুলনা বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) জনাব মোঃ নওয়াজেস কুলি খান লক্ষ্মীপুর জোনে বিগত ১৪ নভেম্বর ২০১২ সাল থেকে কর্মরত ছিলেন। তার প্রশাসনিক এলাকার চর আফজল এস.ই.এস.ডি.পি মডেল হাই স্কুল এবং চরবসু এস.ই. এস.ডি.পি মডেল হাই স্কুলের Construction work যথাযথ না হওয়া এবং supply of furniture মানসম্মত না হওয়ায় অভিযোগ উত্থাপিত হয়। বর্ণিত অনিয়মের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ০১ অক্টোবর ২০১৪ তারিখের নং-৩৭.০৭.০০০০.০৮৩.১৮.০০৭. ১৩-৬৭৭ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) ও (ডি) বিধিতে বর্ণিত 'অসদাচরণ' এবং 'দুর্নীতি'র অভিযোগে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানোর জবাবে তিনি নিজেকে নির্দোষ দাবী করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। গত ২৪ নভেম্বর ২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ন্যায় বিচারের স্বার্থে চর আফজল এস.ই.এস.ডি.পি মডেল হাই স্কুল এবং চরবসু এস.ই. এস.ডি.পি মডেল হাই স্কুলের নির্মাণসহ অন্যান্য ত্রুটিপূর্ণ কাজের সর্বশেষ মান ও বর্তমান অবস্থা সম্পর্কে সরজমিনে তদন্ত করিয়ে প্রতিবেদন দেয়ার জন্য প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশ প্রদান করা হয়।

অভিযুক্তের জবাব, ব্যক্তিগত শুনানী ও প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, প্রাক্তন (অবসরপ্রাপ্ত) নির্বাহী প্রকৌশলী জনাব ইউনুস আলীর সময়ে অনিয়ম হয়েছে। ফলে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের খুলনা বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) জনাব মোঃ নওয়াজেস কুলি খান (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুর জোন) এর বিরুদ্ধে মামলা চলার মত পর্যাপ্ত ভিত্তি দেখা যায় না। বিধায় তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) ও (ডি) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের খুলনা বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) জনাব মোঃ নওয়াজেস কুলি খান (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুর জোন)-কে শিক্ষা মন্ত্রণালয়ের ০১ অক্টোবর ২০১৪ তারিখের ৩৭.০৭.০০০০.০৮৩. ১৮.০০৭.১৩-৬৭৭ সংখ্যক স্মারকমূলে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

**মোঃ নজরুল ইসলাম খান**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ, ০৬ জ্যৈষ্ঠ ১৪২২/২০ মে ২০১৫

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৮/২০১৫-১৩০**—যেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, সদর, নড়াইল)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ কামরুজ্জামান ২০-০১-১৫ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ইউপেপ প্রেরণ করেছেন;

যেহেতু, জনাব কামরুজ্জামানের বিরুদ্ধে মামলা চালানোর মত কোন কারণ না থাকায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মেছবাহ উল আলম**
সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ জ্যৈষ্ঠ ১৪২২/০৭ জুন ২০১৫

**নং ৩৬.০৮২.০২৪.০৭.১১.০৪২.২০১০(অংশ-২)/৭৩**—গত ৩০-০৩-২০১৫ তারিখে অনুষ্ঠিত সচিব সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্পসমূহ নিবিড়ভাবে পরিদর্শন ও পরিবীক্ষণের জন্য নিম্নোক্ত একটি টিম গঠন করা হল ঃ

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব

**সদস্যবৃন্দ**

(২) যুগ্মসচিব (সংশ্লিষ্ট সংস্থা)

(৩) যুগ্মপ্রধান

(৪) উপসচিব (বাজেট ও হিসাব)

(৫) প্রকল্প সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা

**সদস্য-সচিব**

(৬) উপপ্রধান

**কর্মপরিধি ঃ**

(ক) কমিটি প্রতি মাসে উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রকল্প পরিচালকদের সাথে অন্ততঃ ১টি সভা করবেন;

(খ) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সরেজমিনে পরিদর্শন ও পরিবীক্ষণ;

(গ) প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য সুপারিশমালা প্রণয়ন;

(ঘ) টিম সদস্যগণ যে কোন সময়ে প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করবেন এবং পরিদর্শন শেষে ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিদর্শন প্রতিবেদন সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর পেশ করবেন; এবং

(ঙ) টিম-প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**
সহকারী প্রধান।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন অধিশাখা-৪**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৬ জ্যৈষ্ঠ ১৪২২/২০ মে ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৪১.০১.০১৭.১১-৭১**—যেহেতু জনাব এস, এম শাহ জামান, সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-এর বিরুদ্ধে গুরুতর অসদাচরণের অভিযোগ উত্থাপিত হয়েছে এবং যেহেতু অভিযোগের সাথে উক্ত কর্মকর্তার প্রাথমিকভাবে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গিয়েছে, সেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-১৯৭৮ তারিখের অফিস মেমোরেন্ডাম NO-ED (Reg-vii) S-123/78-115(500) অনুযায়ী তাঁকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Grant) এবং অন্যান্য ভাতাদি পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৪১.০১.০১৭.১১-৭০**—যেহেতু জনাব মুন্সী মুয়ীদ ইকরাম, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা-এর বিরুদ্ধে গুরুতর অসদাচরণের অভিযোগ উত্থাপিত হয়েছে এবং যেহেতু অভিযোগের সাথে উক্ত কর্মকর্তার প্রাথমিকভাবে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গিয়েছে, সেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-১৯৭৮ তারিখের অফিস মেমোরেন্ডাম NO-ED (Reg-vii)S-123/78-115(500) অনুযায়ী তাঁকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Grant) এবং অন্যান্য ভাতাদি পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মে ২০১৫

**নং স্ব:ম:নির্বাচন-২০(১)/২০০৮(রাজ-৪)/৬১৬**—যেহেতু নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩০ মে ২০১৫ তারিখের ১০তম জাতীয় সংসদের ৯১ মাগুরা-১ নির্বাচনী এলাকায় শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে, সেহেতু সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় আইন শৃংখলা বজায় রাখার লক্ষ্যে জনস্বার্থে বৈধ ও লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সকল প্রকার আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ বিষয়ে The Arms Act 1878 (Act No. XI of 1878)এর Section 17-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত আদেশ জারী করিল:

(২) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ২৮ মে ২০১৫ তারিখ ভোর ৬.০০ ঘটিকা হইতে ৩ জুন ২০১৫ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত সকল আগ্নেয়াস্ত্র মালিকদের অস্ত্র বহন অথবা অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

(৩) যাহারা এই আদেশ লংঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারা মতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত সকল আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য।

(খ) সরকারী-আধাসরকারী এবং বেসরকারী বিভিন্ন দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

**ব্যাখ্যা:** এই আদেশে "আইন-শৃঙ্খলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৫২ তে সংজ্ঞায়িত বাহিনীকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, মফিজুল হক**
যুগ্ম-সচিব (রাজ-১)।

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ জ্যৈষ্ঠ ১৪২২/২৪ মে ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.২০১৪-২৮৭**—ডিএমপি, ঢাকার রমনা মডেল থানার মামলা নম্বর-৩৫, তারিখ: ২০-০১-২০১৪ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(৩) ধারায় মামলার আসামীগণ রমনা মডেল থানাধীন শিল্পকলা একাডেমীর দক্ষিণ পার্শ্বে গেইটের কাছে ফুটপাতের উপরে জঙ্গী ও সন্ত্রাসী সংগঠনের সদস্য হিসেবে বাংলাদেশের বিরুদ্ধে বা অন্য কোন রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত বা উহার সম্পত্তি বিনষ্ট ও অপরাধ সংগঠনের ঘড়যন্ত্র করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.২০১৪-২৮৮**—ডিএমপি, ঢাকার যাত্রাবাড়ী থানার মামলা নম্বর-৪১, তারিখ: ১৭-১২-২০১৪ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(১)/৮/১৩ ধারায় মামলার আসামীগণ যাত্রাবাড়ী থানাধীন শহীদ ফারুক হোসেন সড়কের সরকার হার্ডওয়ার এ্যান্ড ইলেকট্রনিক্স দোকানের সামনে রাস্তার উত্তর পাশে পরস্পর যোগসাজশে এবং পরস্পর সহায়তায় জননিরাপত্তা বিঘ্ন ও জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ২৪ মে ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৫.২০১৪-২৭১**—যেহেতু, ডাঃ দিলরুবা বিনতে মোস্তফা (১২৮৬৩৩), সহকারী ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউনিয়া, রংপুর গত ০৮-১১-২০১৩ খ্রিঃ তারিখ হতে ৩০-০৬-২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০১-০২-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৫-২০১৪-৬৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৫-০৩-২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি সরকারি চাকুরীতে যোগদানের পূর্ব হতেই বেসরকারী প্রার্থী হিসাবে বিএসএমএমইউতে জুলাই ২০১২-২০১৪ ইং শিক্ষা বর্ষে ডিডিএস কোর্সে ভর্তি হয়ে অধ্যয়নরত থাকায় চাকুরিতে যোগদানের পর গত ০৮-১১-২০১৩ তারিখ থেকে বিনাবেতনে অসাধারণ ছুটির আবেদন করেন, যা স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গত ২৬-০৮-২০১৪ তারিখে মন্ত্রণালয়ে অগ্রায়ন করা হয়। তিনি ছুটি মঞ্জুর হওয়ার পূর্বে কর্তৃপক্ষকে অবহিত না করে এবং কর্মস্থল থেকে কোন ছাড়পত্র গ্রহণ না করে কোর্সে অংশ গ্রহণ করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ দিলরুবা বিনতে মোস্তফা (১২৮৬৩৩), সহকারী ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউনিয়া, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার করতঃ বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ০৮-১১-২০১৩ ইং তারিখ হতে ৩০-০৬-২০১৪ ইং তারিখ পর্যন্ত ০৭ (সাত) মাস ২৫ (পঁচিশ) দিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ মে ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৫-২৭৬**—যেহেতু, ডাঃ মোঃ ফজলুর রহমান (৩৭২৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর দক্ষিণ, কুমিল্লা কোতয়ালী মডেল থানার মামলা নং-১১৩, তারিখ: ২৮-০১-২০১৫ এর বিপরীতে গোয়েন্দা পুলিশ কর্তৃক গত ২৮-০১-২০১৫ তারিখে গ্রেফতার হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোঃ ফজলুর রহমান (৩৭২৮২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর দক্ষিণ, কুমিল্লাকে বি.এস. আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ২৮-০১-২০১৫ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ১৭ জ্যৈষ্ঠ ১৪২২/৩১ মে ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৪.২০১২-২৯৭**—যেহেতু, ডাঃ শাম্মী নাসরিন (৪৫৬২৯), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাপ্তাই, রাঙ্গামাটি গত ০৩-০৫-২০১১ খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ২৬-০২-২০১২ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৪.২০১২-২১২ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ০২-১১-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৪.২০১২-৮৬৬ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয়-কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৫০.২০১৫-৯২ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২১-০৫-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ শাম্মী নাসরিন (৪৫৬২৯), ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাপ্তাই, রাঙ্গামাটিকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৩-০৫-২০১১ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৯.২০১২-৩০১**—যেহেতু, ডাঃ প্রশান্ত কুমার ভাওয়াল (৪১৮৬৬), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, শরীয়তপুর গত ১৪-১২-২০১১ খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১০-০২-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৯.২০১২-১৪৮ নং স্মারকে **১ম** কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১৯-০৩-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৯.২০১২-২৪২ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৩৩.২০১৪-৯৪ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২১-০৫-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ প্রশান্ত কুমার ভাওয়াল (৪১৮৬৬), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, শরীয়তপুরকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৪-১২-২০১১ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ০৬ মে ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৩-২৪৪**—যেহেতু, ডাঃ মমতাজ বেগম (১১১২৫৪), মেডিকেল অফিসার ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট, রেডিওলজি পদের বিপরীতে, সদর হাসপাতাল, লালমনিরহাট) গত ০১-০৪-২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০২-০৯-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৩-৮৪৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, তিনি ০১-০৪-২০১৩ তারিখ হতে ১০-০৯-২০১৩ তারিখ পর্যন্ত অসুস্থতাজনিত কারণে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং তার অসুস্থতার বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মমতাজ বেগম (১১১২৫৪), মেডিকেল অফিসার, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

অসুস্থতাজনিত কারণে তার গত ০১-০৪-২০১৩ হতে ১০-০৯-২০১৩ তারিখ পর্যন্ত কর্মস্থলে উপস্থিতকালীন সময়কে প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি মঞ্জুর করা হল।

**নং ৪৫.১৫০.১১৬.০৪.০০.০০২.২০১৩-২৪৯**—যেহেতু, ডাঃ মোঃ শফিকুল ইসলাম (৩৮০৭৮), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ২৭-০৩-২০১৩ তারিখে ৪৫.১৫০.১১৬.০৪.০০.০০২.২০১৩-৩৫৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৩-০৭-২০১৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত জ্ঞাপন করেছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ শফিকুল ইসলাম (৩৮০৭৮), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ২৭ মে ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.১৪১.২০১৩-১৫২**—যেহেতু, শরীফা বেগম, বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, রাজশাহী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) ধারা মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাবের প্রেক্ষিতে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগসমূহ তদন্ত করা হয়;

এমতাবস্থায়, শরীফা বেগম, বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, রাজশাহী এর শুনানী, তদন্ত প্রতিবেদন, ঘটনার বিষয়বস্তু এবং সার্বিক দিক সুক্ষ্মভাবে বিচার বিশ্লেষণ করে অভিযুক্ত কর্মকর্তাকে ভবিষ্যতে দায়িত্ব পালনের ক্ষেত্রে সর্বদা সতর্ক পন্থা অবলম্বন করার পরামর্শ দিয়ে অত্র বিভাগীয় মোকদ্দমা নিষ্পত্তি করা হলো।

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৮.২০১৪-১৫৩**—যেহেতু, ডাঃ অধীন্দ্র নাথ সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচএফপি), সদর, পঞ্চগড় (লালমনিরহাট জেলার সদর উপজেলায় বদলীর আদেশাধীন) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) ধারা মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। পরবর্তীতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, শুনানী ও তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাপূর্বক ঘটনার সঠিক বিষয়বস্তু/প্রেক্ষাপট বিবেচনা করে ডাঃ অধীন্দ্র নাথ সরকার এর ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ১(এক) বছরের জন্য স্থগিত করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে কোন বকেয়া দাবী করতে পারবেন না।

তারিখ, ০১ জুন ২০১৫

**নং স্বাপকম/শৃংখলা-২/অভি-১৬/২০০৮-১৫৪**—যেহেতু, জনাব জি, এম, মোক্তার হোসেন, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা অফিস, কুষ্টিয়া (বর্তমানে পিআরএল ভোগরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ধারা মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জবাব প্রদান করেননি। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করানো হয় এবং তদন্তে অভিযোগ প্রমাণিত হয়; তবে যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বয়স ৫৯ বছর পূর্ণ হওয়ায় ইতোমধ্যে তিনি পিআরএল-এ গমন করেছেন;

সেহেতু, ঘটনার বিষয়বস্তু ও সার্বিক প্রেক্ষাপট সুক্ষ্মভাবে বিশ্লেষণ করে অভিযুক্ত জনাব জি, এম, মোক্তার হোসেন, প্রাক্তন সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা অফিস, কুষ্টিয়া (বর্তমানে পিআরএল ভোগরত) এর বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলার কার্যক্রম স্থগিত করতঃ বিষয়টি নথিজাত করা হলো।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ জুন ২০১৫

নং **পৌর-২/৪৬.০৬৪.০২৮.৫৬.০৪.২৮২.১১/৭৮৩**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪২(২) ও ৪৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার পঞ্চগড় জেলার দেবীগঞ্জ পৌরসভার কার্য সম্পাদনে নিযুক্ত প্রশাসককে সহায়তা দানের জন্য নিম্নোক্ত ৭ (সাত) সদস্য বিশিষ্ট পৌর সহায়তা কমিটি গঠন করল ঃ

**সদস্যবৃন্দ**

(১) শ্রী হৃদয় বাবু, সদস্য, সাবেক ৩নং দেবীগঞ্জ ইউনিয়ন, দেবীগঞ্জ, পঞ্চগড়।

(২) জনাব মোঃ আব্দুস সাত্তার প্রধান, সদস্য, সাবেক ৩নং দেবীগঞ্জ ইউনিয়ন, দেবীগঞ্জ, পঞ্চগড়।

(৩) জনাব মোঃ আকছাদুল ইসলাম, সদস্য, সাবেক ৩নং দেবীগঞ্জ ইউনিয়ন, দেবীগঞ্জ, পঞ্চগড়।

(৪) জনাব মোঃ সফিকুল ইসলাম, সদস্য, সাবেক ৩নং দেবীগঞ্জ ইউনিয়ন, দেবীগঞ্জ, পঞ্চগড়।

(৫) জনাব মোঃ ছামছউদ্দীন আহম্মেদ, সদস্য, সাবেক ৩নং দেবীগঞ্জ ইউনিয়ন, দেবীগঞ্জ, পঞ্চগড়।

(৬) মোছাঃ রোকসানা, সংরক্ষিত মহিলা সদস্য, সাবেক ৩নং দেবীগঞ্জ ইউনিয়ন, দেবীগঞ্জ, পঞ্চগড়।

(৭) জনাব মোঃ সুরুজ আলী, সদস্য, সাবেক ৯নং দেবীডুবা ইউনিয়ন, দেবীগঞ্জ, পঞ্চগড়।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ দেবীগঞ্জ পৌরসভার সার্বিক কর্মকান্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন। উল্লেখ্য যে, অত্র বিভাগের ৪-২-২০০২ খ্রিঃ তারিখের পৌর-৩/সম্মানী-ভাতা-২/৯৭/১৩৮ নং পরিপত্র অনুযায়ী ক্রমিক নং ১(এক)

হতে ৭(সাত) পর্যন্ত সম্মানী ভাতা প্রাপ্য হবেন এবং ক্রমিক নং ১ হতে ৭ পর্যন্ত অবলুপ্ত ইউনিয়ন পরিষদের ইউ,পি সদস্য হওয়ায় স্থানীয় সরকার ( পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ধারাবলে তারা কাউন্সিলর হিসেবে বিবেচিত হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম আনিছুজ্জামান**
সহকারী সচিব।

---

**সিটি কর্পোরেশন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ জ্যৈষ্ঠ ১৪২২/৩১ মে ২০১৫

**নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩২.১৫(অংশ-১)-৩২৯**—যেহেতু, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোসাদ্দেক হোসেন বুলবুল এর বিরুদ্ধে রাজশাহী জেলার বোয়ালিয়া থানার মামলা নং ৪১, ০৮, ৩৭, ৩৮ প্রভৃতি মামলায় এজাহার বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী কর্তৃক গ্রহণ করায় স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর উপ-ধারা (১) অনুযায়ী তাঁকে স্থানীয় সরকার বিভাগের ০৭ মে ২০১৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.২৭.০১৯.১৫-২৪২ নং স্মারকমূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে; এবং

২। যেহেতু, উক্ত আইনের ধারা ১২ এর উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী মেয়র সাময়িক বরখাস্ত হলে আদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে মেয়র প্যানেলের জ্যেষ্ঠ সদস্যের নিকট স্বীয় দায়িত্ব অর্পণের বাধ্যবাধকতা রয়েছে, কিন্তু এ পর্যন্ত তিনি মেয়র প্যানেলের কোন সদস্যকে দায়িত্বভার হস্তান্তর করেননি; এবং

৩। যেহেতু, রাজশাহী সিটি কর্পোরেশনের প্যানেল মেয়রগণের বিরুদ্ধে বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী-তে দাখিলকৃত ফৌজদারী মামলায় অভিযোগপত্র (চার্জশীট) রয়েছে এবং তাঁরা সিটি কর্পোরেশন কার্যালয়ে উপস্থিত হচ্ছেন না;

৪। সেহেতু, রাজশাহী সিটি কর্পোরেশনের নাগরিক সেবা অব্যাহত রাখা এবং উন্নয়নমূলক কার্যক্রম চলমান রাখার স্বার্থে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১০৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত রাজশাহী সিটি কর্পোরেশনের ২১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নিজাম উল আযীম-কে কর্পোরেশনের সকল প্রকার আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করার ক্ষমতা অর্পণ করা হল।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সরোজ কুমার নাথ**
উপসচিব।

**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ জ্যৈষ্ঠ ১৪২২/২৫ মে ২০১৫

**নং ৪৬.০৪৫.০২৭.০৮.২৩.০২৩.২০১৫-৫৬৩**—যেহেতু, জনাব আহাম্মদ তায়েবুর রহমান এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-১৫, তাং ২৫-১০-২০১৩ ইং, মামলা নং-১৬, তাং ২৫-১০-২০১৩ ইং, মামলা নং-১৬, তাং ২৫-১১-২০১৩ ইং, মামলা নং-১৭, তাং ২৫-১১-২০১৩ ইং, মামলা নং-০২, তাং ০৭-০১-২০১৪ ইং, মামলা নং-১০, তাং ১৬-০১-২০১৪ ইং, মামলা নং-১৭(১০)/০৭, মামলা নং-০১, তাং ০১-১০-২০০৯ ইং, মামলা নং-০১, তাং ০৪-০৩-১০ ইং, মামলা নং-০৯(১১)/১১, মামলা নং-১২(১১)/১২, মামলা নং-১০, তাং ১৬-০১-১৪ ইং, মামলা নং-০২, তাং ০৭-০১-১৪ ইং এবং মামলা নং-০৩, তাং ০৭-০১-১৪ ইং সহ মোট ১৪টি মামলার দাখিলকৃত অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব আহাম্মদ তায়েবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরিপুর, ময়মনসিংহ এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থে পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩খ ধারার (১) উপধারা অনুযায়ী ময়মনসিংহ জেলার গৌরিপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আহাম্মদ তায়েবুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৩ ভাদ্র ১৪২২/০৭ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯১.২০১০-৩৩২**—১৮৭৫ সনের জরিপ আইনের ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ১৪৪(১) ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার জরিপ কার্য পরিচালনার জন্য প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

| ক্রমিক | মৌজার নাম | জে, এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| (১) | ৪২নং চারঘাট | ৪২ | চারঘাট | রাজশাহী |

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।